

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সংস্থাপন-১
(www.mole.gov.bd)

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০২০.৩৮.২১৭.১৭-৩০৮

তারিখ: ০৩-১১-২০২১

প্রজ্ঞাপন


কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের আওতাধীন উপমহাপরিদর্শকের কার্যালয়, ঢাকা'র সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য) ডাঃ লুৎফুন নাহার-কে জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ০৬-১২-২০১৫ তারিখের ০৫.০০.০০০০.২১১.২২.১০৬.২০০৮-৩৩৯ নং স্মারকে জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে সরকারি/আধাসরকারি/বিধিবদ্ধ/স্বায়ত্তশাসিত সংস্থার কর্মচারীদের জন্য দেশের অভ্যন্তরে উচ্চশিক্ষা বিষয়ক নীতিমালা'র ৬নং অনুচ্ছেদের শর্তানুসারে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধীন নিপসম, মহাখালী, ঢাকায় ০২ বৎসর মেয়াদী মাস্টার্স ইন পাবলিক হেলথ (MPH) কোর্সে অধ্যয়নের নিমিত্ত জুলাই/২০২১ সেশনের জন্য ০১-০৮-২০২১ হতে ৩১-০৭-২০২৩ তারিখ ০২ (দুই) বছর অর্ধগড় বেতনে শিক্ষা ছুটির প্রশাসনিক মঞ্জুরি আদেশ নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো।

০২। উক্ত কর্মকর্তা/কর্মচারী তার শিক্ষা ছুটিকালীন মেয়াদে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (OSD) হিসেবে সংযুক্ত থাকবেন। এই সময়ের জন্য তিনি কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর থেকে বেতন-ভাতাদি গ্রহণ করবেন।

শর্তসমূহ:

- (ক) কোর্স শেষ করে কমপক্ষে ০২ (দুই) বছর চাকরি না করে চাকরি হতে অব্যাহতি দিলে কোর্সে অধ্যয়নরত অবস্থায় যে পরিমাণ বেতন-ভাতা প্রাপ্য হবেন তা সরকারকে পরিশোধ করতে হবে;
- (খ) কর্তৃপক্ষ ভিন্নরূপ আদেশ না দিলে কোর্স/কর্মসূচি সমাপ্তির পরে নির্ধারিত সময়ে কর্মস্থলে যোগদান করতে হবে;
- (গ) তাঁর ব্যক্তিগত কোন আর্থিক দায় থাকলে তিনি নিজে পরিশোধ করবেন। এতে সরকারের নিকট দাবি করতে পারবেন না;
- (ঘ) কোর্স সমাপ্তিতে উহার সার্টিফিকেট সরকারের নিকট দাখিল করতে হবে; এবং
- (ঙ) শিক্ষা ছুটিকালীন মেয়াদে বিধি মোতাবেক বেতন-ভাতা প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(মোঃ হানিফ সিকদার)

উপসচিব (সংস্থাপন)

ফোন: ৯৫৭৭১৪০

section10@mole.gov.bd

অনুলিপি (সদয় অবগতি/কার্যার্থে):

- ১। মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, বিজয়নগর, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশপূর্বক মন্ত্রণালয়ে কপি প্রেরণের অনুরোধসহ)।
- ৪। পরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অফ প্রিভেন্টিভ এন্ড স্যোশাল মেডিসিন (নিপসম), মহাখালী, ঢাকা।
- ৫। জনাব মোঃ শফিউর রহমান, বিভাগীয় প্রধান (পেশাগত ব্যাধি ও পরিবেশ), নিপসম, মহাখালী, ঢাকা।
- ৬। ভাইস চ্যান্সেলর, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৭। প্রো-ভাইস চ্যান্সেলর (একাডেমিক), বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৮। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, সিজিএ অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৯। উপমহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, ঢাকা।
- ১০। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। ডাঃ লুৎফুন নাহার, সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য), উপমহাপরিদর্শকের কার্যালয়, ঢাকা।
- ১২। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ঢাকা।
- ১৩। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ১৪। যুগ্মসচিব (সংস্থাপন) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ১৫। জনাব.....
- ১৬। অফিস কপি/গার্ড ফাইল।